দৈনিক ইনকিলাব

তারিখ 16 NOV 1990
পৃষ্ঠা ১ কলাম ৫

126

# রীট আবেদনটির গুণগত দিকের উপর শুনানি চলবে

॥ কোর্ট রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়সহ মহানগরীর অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের বৈধতা চ্যালেঞ্জ সংক্রান্ত রীট আবেদনটির কার্যকারিতা নিষ্ফল হয়নি। আবেদনটির গুণগত দিকের ওপর শুনানি চলবে তবে এর পদ্ধতিগত দিকের উপর নয়।

গতকাল এ ব্যাপারে মহামান্য আদালত সিদ্ধান্ত দিয়েছেন, বিগত ১৩-১০-৯০ তারিখে দেয়া শিক্ষা প্রতিষ্ঠান বন্ধের

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## রীট আবেদন

প্রথম পৃষ্ঠার পর

আদেশটির কার্যকারিতা গত ১২-১১-৯০ তারিখে উত্তীর্ণ হয়ে গেলেও রীট আবেদনটিতে যেহেতু ১৩-১০-৯০ তারিখে প্রণীত অধ্যাদেশ ও আদেশ-এর সাংবিধানিক বৈধতার চ্যালেঞ্জ করা হয়েছে সেহেতু সময় উত্তীর্ণ হয়ে গেলেও ঐ অধ্যাদেশ বৈধ কি-না এবং এর অধীনে প্রদত্ত ১৩-১০-৯০-এর আদেশটিও বৈধ কি-না আদালত তার বিচার করতে পারেন।

আর সে কারণেই আবেদনটির উপর আগামী সোমবার থেকে পুনঃশুনানি হবে।